# প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা - ১০০০

ফোন : ৪৮৩২০০৮১, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: www.pib.gov.bd, ই-মেইল : dg@pib.gov.bd, dgpib@yahoo.com. সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd


মুজিব শতবর্ষ

## পিআইবি'র এপিএ টিমের ৩০.১২.২০২১ তারিখের সভার কার্যবিবরণী

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর এপিএ টিম-এর সভা ৩০.১২.২০২১ তারিখ বেলা ১১.৩০ মি. পরিচালক (প্রশাসন) ও এপিএ টিম এর আহবায়ক জনাব মোহাম্মদ আফরাজুর রহমান-এর সভাপতিত্বে তার কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন:

| ক্র নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১. | মোহাম্মদ আফরাজুর রহমান<br>পরিচালক (প্রশাসন) | আহবায়ক, এপিএ টিম |
| ২. | মো. মিজানুর রহমান<br>সহকারী সম্পাদক (ফিচার) | সদস্য |
| ৩. | পারভীন সুলতানা রাব্বী<br>প্রশিক্ষক | সদস্য |
| ৪. | ড. কামরুল হক<br>গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব | সদস্য |
| ৫. | মো. জাকির হোসেন<br>উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব | সদস্য |
| ৬. | মোহাম্মদ নাছির উদ্দীন চৌধুরী<br>হিসাব অফিসার | সদস্য |
| ৭. | মোহাম্মদ আফতাব উদ্দিন ভূঞাঁ<br>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) | সদস্য |

সভাপতি সকলকে স্বাগত জানান। তিনি কমিটির সদস্য ও উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব জনাব মো. জাকির হোসেনকে ২০২১-২০২২ সালের (অক্টোবর-ডিসেম্বর) মেয়াদে এপিএ টিম-এর ত্রৈমাসিক অগ্রগতি সভা পরিচালনার আহবান জানান। সেই প্রেক্ষিতে উপপরিচালক (প্রশাসন) চলতি দায়িত্ব ২০২১-২০২২ সালের (অক্টোবর-ডিসেম্বর) পর্যন্ত পিআইবি'র অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য প্রশিক্ষক বেগম পারভীন সুলতানা রাব্বীকে অনুরোধ জানান। বেগম পারভীন সুলতানা রাব্বী বলেন, উক্ত সময়ে ৩২টি প্রশিক্ষণ ও ৩টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এতে মোট ১,০৯০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। অন লাইন কোর্সের ২২তম ব্যচের ভর্তি সম্পন্ন হয়েছে। সাংবাদিকতার মাস্টার্স ডিগ্রি (১২পর্ব) কোর্সের ২য় ব্যাচের ভর্তিও সম্পন্ন হয়েছে। ই-নথির কার্যক্রম বৃদ্ধির জন্য প্রত্যেক বিভাগ থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে ২দিন ব্যাপী একটি কার্যকরী ব্যবহারিক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। উপস্থিত সকলে একমত পোষণ করেন। সভাপতি বলেন, প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।

এপিএ টিমের সদস্য ও সহকারী সম্পাদক (ফিচার) জনাব মো. মিজানুর রহমান বলেন, উক্ত মেয়াদে ৩টি গ্রন্থ, ১টি নিরীক্ষা ও ১৯টি ফিচার প্রকাশিত হয়েছে।

গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি) চলতি দায়িত্ব ড. কামরুল হক বলেন, ১টি গবেষণা ও তথ্য সংরক্ষণ কর্ম ঘটনাপঞ্জি ২০১৯ প্রকাশিত হয়েছে। ৪টি গবেষণা চলমান রয়েছে। এ সময়ে ৫৫৪ জন পাঠককে লাইব্রেরী সেবা দেয়া হয়েছে এবং ৫,৭৬০টি ক্লিপিং সংরক্ষণ করা হয়েছে।

উপপরিচালক (প্রশাসন), চলতি দায়িত্ব সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংযোজনী ৪,

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন, শুদ্ধাচার বিষয়ে আবাসিক প্রশিক্ষণার্থীদের ৩টি প্রশিক্ষণ, মোবাইল জার্নালিজম বিষয়ে ১টি প্রশিক্ষণ, ক্রয় পদ্ধতি নিয়ে ২টি প্রশিক্ষণ ও ভিত্তিহীন ও বিকৃত সংবাদ প্রচাররোধে সাংবাদিকদের ১টি প্রশিক্ষণ এ মেয়াদে অনুষ্ঠিত হয়েছে।

সংযোজনী ৫, ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে পিআইবি'র ইনোভেশন কমিটিতে পর্যালোচনা করা হবে।

সংযোজনী ৬, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার আলোকে অভিযোগ প্রতিকার বিষয়ে ২টি প্রশিক্ষণ ও অংশীজনের সংগে জিআরএস বিষয়ে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে।

সংযোজনী ৭, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা সিটিজেন চার্টার বাস্তবায়ন কমিটির সভায় পর্যালোচনা করা হয়েছে। এতে চলতি ত্রৈমাসিকে অর্জিত মান ১০।

সংযোজনী ৮, তথ্য অধিকার আইন কর্মপরিকল্পনার পরিপ্রেক্ষিতে জানান ষান্মাষিক অগ্রগতির অর্জিত মান ১৫.৫।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দিন ভূঞাঁ বলেন, আজকের সভার অগ্রগতি পর্যালোচনা অনুযায়ী পিআইবি'র অক্টোবার-ডিসেম্বর ২০২১ ষান্মাসিক অর্জিত মান ৫৪.০৫।

কমিটির সদস্য জনাব মো. মিজানুর রহমান বলেন, গবেষণা পদ্ধতি ও এডিটিং বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন। এতে সকলে একমত জানান। দীর্ঘ আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. পিআইবি'র সকল বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়ে ই-নথি বিষয়ক একটি কার্যকরী ব্যবহারিক প্রশিক্ষণের আয়োজনের সুপারিশ করা হয়।
২. গবেষণা পদ্ধতি ও এডিটিং বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।
৩. এপিএ-এর লক্ষ্যমাত্রা অর্জণে সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে প্রমাণক প্রশাসন বিভাগে প্রেরণের অনুরোধ করা হয়।

সভাপতি বলেন, এপিএ টিমের সকল সদস্যর প্রাণবন্ত অংশগ্রহণে একটি কার্যকর ও সফল সভা হয়েছে। এপিএ এর কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মোহাম্মদ আফরাজুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ও
আহবায়ক
এপিএ টিম